গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ শাখা

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।
(জুলাই-সেপ্টেম্বর ২০২৩, ত্রৈমাসিক)

সভাপতি : মোহাম্মদ মানজারুল মান্নান
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
তারিখ ও সময় : ২৭ সেপ্টেম্বর ২০২৩, সকাল ১১.০০ টা
স্থান : প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সম্মেলনকক্ষ
(কক্ষ নং-১৬২০, লেভেল-১৫, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো :

(১) জনাব মো: আবুল বাশার, যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ
(২) ড. নাছিমা আকতার, যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
(৩) জনাব মোহাম্মদ রাসেলুল কাদের, উপসচিব (প্রশাসন-১), অর্থ বিভাগ
(৪) জনাব ফারুক আহাম্মেদ, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩, অর্থ বিভাগ
(৫) জনাব মো: আব্দুস সালাম শাহ্, সিস্টেম এনালিস্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ
(৬) জনাব মো: মিলন হোসেন, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (এফএসএমইউ), অর্থ বিভাগ

২। উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগে যে সকল অভিযোগ পাওয়া যায় সেগুলো যথাসময়ে নিষ্পত্তি করা হয়ে থাকে। অর্থ বিভাগে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে যে সকল অভিযোগ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সাথে সম্পৃক্ত সেগুলো FSMU থেকে উক্ত কার্যালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে। প্রতি তিন মাস অন্তর অর্থ বিভাগের ওয়েবসাইটে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্যাদি হালনাগাদ করতে হবে। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণও আলোচনায় অংশগ্রহণ করেন। অর্থ বিভাগে দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে যেগুলোর অর্থ বিভাগের সংশ্লিষ্টতা থাকে না সেগুলো সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়ে প্রেরণ করা হয়ে থাকে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অর্থ বিভাগ থেকে প্রতিমাসে নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করা হয়। এছাড়া প্রাপ্ত অভিযোগসমূহ পর্যালোচনান্তে অভিযোগ উদ্ভবের কারণ সনাক্তকরণ, করণীয় নির্ধারণ ও গৃহীত কার্যক্রম সংক্রান্ত অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। ২০২২-২৩ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিকে মোট ৯০টি (হার্ডকপি-০ ও অনলাইন-৯০টি) অভিযোগ, অক্টোবর-ডিসেম্বর ২০২২ ত্রৈমাসিকে মোট ৪৫টি (হার্ডকপি-০ ও অনলাইন ৪৫টি) অভিযোগ, জানুয়ারি-মার্চ ২০২৩ ত্রৈমাসিকে মোট ৩১টি (হার্ডকপি-০ ও অনলাইন ৩১টি) অভিযোগ, এপ্রিল-জুন ২০২৩ ত্রৈমাসিকে মোট ৩৬টি (হার্ডকপি-০ ও অনলাইন ৩৬টি) অভিযোগ এবং ২০২৩-২৪ অর্থবছরের জুলাই ও আগস্ট ২০২৩ এ মোট ২৬টি অভিযোগ পাওয়া যায়, যার সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে।

(অ: পৃ: দ্র:)

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

৩.১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অর্থ বিভাগ থেকে প্রতিমাসে নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৩.২। অনলাইনে প্রাপ্ত অভিযোগ অনলাইনের মাধ্যমে যথাসময়ে নিষ্পত্তি করতে হবে।

৩.৩। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্যাদি প্রতি তিন মাস অন্তর ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।

৩.৪। হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সাথে সম্পৃক্ত অভিযোগ পাওয়া গেলে সেগুলো FSMU থেকে উক্ত কার্যালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭।৯।২৩

(মোহাম্মদ মানজারুল মান্নান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নম্বর-০৭.০০.০০০০.০৮১.০৩.০০১.২২-৬৩৭

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ / ২৭ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, পরিবহন পুল ভবন, ৮ম তলা)
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ
৪। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ
৫। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
৬। উপসচিব, বাজেট ও পরিকল্পনা-১, অর্থ বিভাগ
৭। উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
৯। সভায় উপস্থিত কর্মকর্তা..............................................................., অর্থ বিভাগ
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, FSMU, অর্থ বিভাগ
(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

২৭.০৯.২০২৩

(মোহাম্মদ রাসেলুল কাদের)
উপসচিব
ফোন : ৫৫১০১৩৫৭

অদ্য ২৭/০৯/২০২৩ তারিখ বুধবার সকাল ১১.০০টায় অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে সম্মেলন কক্ষে (কক্ষ নং-১৬২০, ১৬ তলা, ভবন নং-১১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) সভায় উপস্থিত কর্মকর্তাদের নাম ও স্বাক্ষরের তালিকা :

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও কর্মস্থল<br>(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১। | জনাব মো: আবুল বাশার<br>যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা)<br>অর্থ বিভাগ | |
| ২। | ড. নাছিমা আকতার<br>যুগ্মসচিব (প্রশাসন)<br>অর্থ বিভাগ | ২৭.৯.২৩ |
| ৩। | জনাব মোহাম্মদ রাসেলুল কাদের<br>উপসচিব (প্রশাসন-১)<br>অর্থ বিভাগ | ২৭.০৯.২০২৩ |
| ৪। | জনাব ফারুক আহাম্মেদ<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩)<br>অর্থ বিভাগ | ২৭.৯.২৩ |
| ৫। | জনাব মো: আব্দুস সালাম শাহ্<br>সিস্টেম এনালিষ্ট (এফএসএমইউ)<br>অর্থ বিভাগ | ২৭.৯.২৩ |
| ৬। | জনাব মো: মিলন হোসেন<br>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (এফএসএমইউ)<br>অর্থ বিভাগ | ২৭.৯.২৩ |
| ৭। | | |
| ৮। | | |
| ৯। | | |
| ১০। | | |